

## ইউনাইটেড কমার্শিয়াল ব্যাংক পিএলসি কাওরানবাজার শাখা

বন্ধকী জাহাজ নিলাম বিক্রয়ের দরপত্র বিজ্ঞপ্তি (অর্থস্বর্ণ আদালত আইন ২০০৩ এর ১২ ধারা মোতাবেক)।

এতদ্বারা সর্বসাধারণের অবগতির জন্য জানানো যাইতেছে যে, ইউনাইটেড কমার্শিয়াল ব্যাংক পিএলসি, কাওরানবাজার শাখা, ১০৫, কাজী নজরুল ইসলাম এভিনিউ, কাওরানবাজার ঢাকা-১২১৫ এর ঋণগ্রহীতা এইচ আর সি শিপিং লিমিটেড, ঠিকানা সূট ৮০২, এইচ আর সি ভবন, ৪৬ কাওরানবাজার ঢাকা, প্রতিনিধিত্বকারী জনাব মোঃ সাঈদ হোসেন চৌধুরী কর্তৃক গৃহীত ঋণের জামানত হিসাবে নিম্ন তফসিলভুক্ত জাহাজ রেজিস্ট্রিমুলে ব্যাংকের নিকট বন্ধক রাখা আছে নিম্ন তফসিলভুক্ত জাহাজ আদালতের আদেশ ছাড়াই বিক্রয়ের ক্ষমতা ব্যাংককে প্রদান করা আছে। ঋণগ্রহীতা মঞ্জুরীপত্রের শর্ত মোতাবেক ঋণ পরিশোধ না করায় বিগত ২২/০৩/২০২৩ ইং তারিখ পর্যন্ত খেলাপী ঋণ বাবদ ব্যাংকের পাওনা এইচ আর সি শিপিং লিমিটেড. মোট টাকা ৭২,৫৭,৩৯,৮১৫.৬৭ (বাহান্তর কোটি সাতান্ন লক্ষ উনচল্লিশ হাজার আটশত পনের টাকা সাতশষ্টি পয়সা) সহ অন্যান্য আনুসঙ্গিক খরচ ও আদায়কালতক সুদ আদায়ের নিমিত্তে নিম্ন তফসিলভুক্ত জাহাজ নিলামে বিক্রয়ের জন্য আগ্রহী ক্রেতাদের নিকট হইতে নিম্ন বর্ণিত শর্তাদিতে সাদা কাগজে/প্যাডে স্থায়ী ঠিকানাসহ পূর্ণাঙ্গ ঠিকানা উল্লেখ পূর্বক সীলমোহরকৃত দরপত্র আহবান করা যাইতেছে। এতদসংক্রান্ত বিস্তারিত তথ্য [www.ucb.com.bd](http://www.ucb.com.bd) ওয়েবসাইটে পাওয়া যাইবে।

### তফসিল (জাহাজের বিবরণ)

Name of the Vessel: M. V. BANGA BODOR, Type of the Vessel: Container Carrier, Year / Place of Built: 1984 / Japan, Flag: Chittagong, Bangladesh, Classification: Germanischer Lloyd, Engine Power: Hitachi Model B & W 8 L 35 MC 5440 bhp X 200 rpm, Speed: 12 knots, Gross Tonnage: 7,017, NRT Tonnage: 3,371, Cargo Gear: Gantry Crane SWL 30.5 Tons, Length Overall: 121.40 Meter, Breadth: 20.80 Meter, Depth: 10.40 Meter, Capacity: 510 Teus, the property being controlled and managed from 46, Kawran Bazar C/A situated in the district of Dhaka, P.S. Tejgaon, Sub-Registry Office - Tejgaon, Tejgaon Registration Complex, Dhaka.

### নিলামের শর্তাবলী

- (১) আগামী ২২.০৪.২০২৩ ইং বিকাল ৩.৩০ ঘটিকার মধ্যে ইউনাইটেড কমার্শিয়াল ব্যাংক পিএলসি, কাওরানবাজার শাখা, ঢাকা এ রক্ষিত বাব্লে সরাসরি অথবা রেজিস্ট্রিকৃত ডাকযোগে দরপত্র জমা দিতে হইবে এবং ঐ দিনই ৪.০০ টার সময় দরপত্র দাতাদের সামনে (যদি কেহ উপস্থিত থাকেন) দরপত্র খোলা হইবে।
- (২) প্রত্যেক দরপত্রদাতা উদ্ধৃত দর এর ১০% এর সমপরিমাণ টাকা জামানত স্বরূপ ব্যাংক ড্রাফট বা পে-অর্ডার ইউনাইটেড কমার্শিয়াল ব্যাংক পিএলসি, কাওরানবাজার শাখা, ঢাকা এর অনুকূলে দরপত্রের সহিত দাখিল করিবেন।
- (৩) অনূর্ধ্ব ১০,০০,০০০/- (দশ লক্ষ) টাকার উদ্ধৃত দর গৃহীত হইবার পরবর্তী ৩০ (ত্রিশ) দিবসের মধ্যে, ১০,০০,০০০/- (দশ লক্ষ) টাকা অপেক্ষা অধিক এবং অনূর্ধ্ব ৫০,০০,০০০/- (পঞ্চাশ লক্ষ) টাকার উদ্ধৃত দর গৃহীত হইবার পরবর্তী ৬০ (ষাট) দিবসের মধ্যে, এবং ৫০,০০,০০০/- (পঞ্চাশ লক্ষ) টাকার অধিক উদ্ধৃত দর গৃহীত হইবার পরবর্তী ৯০ (নব্বই) দিবসের মধ্যে দরদাতা সম্মুদয় মূল্য পরিশোধ করিবেন এবং তাহা করিতে ব্যর্থ হইলে জামানতের টাকা বাজেয়াপ্ত হইবে। প্রথম সর্বোচ্চ দরপত্রদাতার জামানত বাজেয়াপ্ত হইলে ব্যাংক কর্তৃপক্ষ দ্বিতীয় সর্বোচ্চ দরপত্রদাতাকে সম্পত্তি ক্রয়ে আহবান করিতে পারিবেন।
- (৪) দাখিলকৃত দরপত্রে সম্পত্তির প্রস্তাবকৃত মূল্য অস্বাভাবিকভাবে অপর্যাপ্ত বা কম প্রতীয়মান হইলে নিম্নস্বাক্ষরকারী উক্ত দর প্রস্তাব অগ্রাহ্য করিতে পারিবেন।
- (৫) ব্যাংক কর্তৃপক্ষ সফল দরদাতার অনুকূলে নিলামকৃত সম্পত্তি রেজিস্ট্রি দলিলমূলে হস্তান্তর করিবেন। তবে দলিল রেজিস্ট্রি সংক্রান্ত যাবতীয় খরচ যেমন- রেজিস্ট্রেশন ফি, স্ট্যাম্প ডিউটি, বিবিধ ব্যয়সহ অন্যান্য প্রযোজ্য শুল্ক প্রভৃতি দরদাতাকেই বহন করিতে হইবে।
- (৬) দরপত্রের মাধ্যমে নিলামে অংশগ্রহণে ইচ্ছুক ব্যক্তিগণকে বিস্তারিত তথ্য অবগত হইবার জন্য নিম্নস্বাক্ষরকারীর অফিসে যোগাযোগ করিতে পারিবেন।
- (৭) ব্যাংক কর্তৃপক্ষ কোন কারণ দর্শানো ব্যতিরেকেই যে কোন দরপত্র বা সকল দরপত্র গ্রহণ বা বাতিল করিবার ক্ষমতা সংরক্ষণ করিবেন।

ব্যবস্থাপক, ইউনাইটেড কমার্শিয়াল ব্যাংক পিএলসি, কাওরানবাজার শাখা, ঢাকা।